যৌথ সামরিক মহড়া দেখতে স্বর্ণদ্বীপে প্রধানমন্ত্রী



ছবি: সংগৃহীত

সশস্ত্র বাহিনীর বিশেষ যৌথ মহড়া পরিদর্শনে নোয়াখালীর স্বর্ণদ্বীপে পৌঁছেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। মঙ্গলবার (২৪ নভেম্বর) সকাল সাড়ে ১১টার দিকে তাঁকে বহনকারী হেলিকপ্টারটি স্বর্ণদ্বীপে অবতরণ করে। এর আগে সকাল সাড়ে ১০টার দিকে ঢাকা থেকে রওনা হন তিনি।

স্বর্ণদ্বীপে প্রথমবারের মতো সশস্ত্র বাহিনীর বিশেষায়িত ইউনিটগুলোর সমন্বয়ে আয়োজন করা হয়েছে 'জয়েন্ট স্পেশাল ফোর্সেস এক্সারসাইজ-১-২০২৬'। এর চূড়ান্ত অনুশীলন প্রত্যক্ষ করবেন প্রধানমন্ত্রী।

এ ছাড়া দেশীয় প্রযুক্তিতে তৈরি সামরিক সরঞ্জামের প্রদর্শনী ঘুরে দেখার কথা রয়েছে তাঁর। মহড়ায় অংশ নেওয়া তিন বাহিনীর কর্মকর্তা ও সদস্যদের কার্যক্রমও পর্যবেক্ষণ করবেন তিনি।

এই বিশেষ মহড়ায় সেনাবাহিনীর প্যারা কমান্ডো ব্রিগেড, নৌবাহিনীর সোয়াডস এবং বিমানবাহিনীর ৫০১ এয়ার রেজিমেন্ট অংশ নিচ্ছে।